

বন্ধের দিনে মাননীয় উপাচার্য-এর হাসপাতাল রাউন্ড

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান গত ৬ জানুয়ারি ২০১৭ইং তারিখ, শুক্রবার রাতে অত্র বিশ্ববিদ্যালয়ের সি ব্লক, ডি ব্লক এবং কেবিন ব্লকে রাউন্ড দেন। এসময় তিনি চিকিৎসাসেবার খোঁজ-খবর নেন এবং শুক্রবার বন্ধের দিনেও চিকিৎসাসেবা কার্যক্রম স্বাভাবিক থাকায় সন্তোষ প্রকাশ করেন। মাননীয় উপাচার্য ডি ব্লকের নীচ তলায় পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মীদের সাথেও কথা বলেন এবং হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন ও সংশ্লিষ্ট কর্মীদের ধন্যবাদ জানান। এ সময় এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগড় মোড়ল, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, পরিচালক (হাসপাতাল) বিহেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নাজমুল করিম মানিক, সহকারী পরিচালক (হাসপাতাল) ডা. পবিত্র কুমার দেবনাথ প্রমুখ উপস্থিত ছিলেন।